

8

আনন্দবাজার পত্রিকা কলকাতা
২৫ নভেম্বর ২০০৬

কলকাতা

বিই কলেজের শতবর্ষ



ফিরে দেখা

■ শিবপুর বেঙ্গল
ইঞ্জিনিয়ারিং
কলেজের শতবর্ষ
পূর্তি উপলক্ষে
২৫শে ডিসেম্বর
হইতে ৩১শে
ডিসেম্বর পর্যন্ত
সপ্তাহব্যাপী

উৎসবের আয়োজন করা হইয়াছে।
পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র
রায় ঐ উৎসবে সভাপতিত্ব করিবেন।
ঐ উৎসব উপলক্ষে দুই লক্ষেরও
অধিক অর্থ ব্যয় করা হইবে বলিয়া
স্থির হইয়াছে এবং উৎসবটি সুষ্ঠুভাবে

৫০ বছর আগে

পালনের জন্য ৯টি সাব-কমিটি সহ
এক শতবার্ষিকী উৎসব কমিটি গঠিত
হইয়াছে। শুক্রবার অপরাহ্নে রাইটার্স
বিল্ডিং-এর রোটাণ্ডায় অনুষ্ঠিত এক
সাংবাদিক বৈঠকে উক্ত কমিটির
জেনারেল সেক্রেটারী শ্রী এস এন
গুপ্ত উপরোক্ত সংবাদ জানান। প্রচার
সাব-কমিটির চেয়ারম্যান শ্রী বি আর
মুখোপাধ্যায় ব্যতীত অপর
কয়েকজনও ঐ বৈঠকের আলোচনায়
যোগ দেন। জানা গিয়াছে যে, ঐ
উৎসবের অন্যতম প্রধান আকর্ষণ
হইবে একটি শিল্প প্রদর্শনী। ঐ

প্রদর্শনীর উদ্দেশ্য হইবে ইঞ্জিনিয়ারিং-
এর বিভিন্ন দিক চিত্তাকর্ষক ভাবে
জনসাধারণের সম্মুখে তুলিয়া ধরা।
বিভিন্ন বৈদেশিক রাষ্ট্রের পক্ষ হইতে
ঐ প্রদর্শনীতে ষ্টল খোলা হইবে
বলিয়া প্রকাশ। শতবার্ষিকী উপলক্ষে
শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের
প্রাঙ্গণে প্রাক্তন ছাত্র এবং অন্যদের
থাকিবার জন্য “এলামনি হোম” নামে
একটি আবাস প্রতিষ্ঠিত হইবে।
আগামী জানুয়ারী মাসে ভারতের
প্রধানমন্ত্রী শ্রীজহওরলাল নেহরু উক্ত
আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করিতে
পারেন বলিয়া জানা গিয়াছে।

— আনন্দবাজার পত্রিকা, ২৫ নভেম্বর ১৯৫৬।
বানান ও ভাষা অপরিবর্তিত রেখে সংক্ষেপিত।